

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, জাতি গঠনে বিশ্ববিদ্যালয়ের গুরুত্ব অপরিসীম। বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের অতীতের সঙ্গে বর্তমানের যোগসূত্র ঘটায়, তাদের সমকালীন আর্থ-সামাজিক-রাজনৈতিক বিষয়ে সচেতন করে তোলে। উচ্চশিক্ষা প্রসারে বিজ্ঞান ও তথ্য-প্রযুক্তি ভিত্তিক মেধাবী ও দক্ষ সমাজ গঠনের লক্ষ্যে প্রতিষ্ঠিত হয়েছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি)। এ লক্ষ্য বাস্তবায়নে বিজ্ঞান ও প্রযুক্তিকে অগ্রাধিকার দিয়ে নতুন নতুন জ্ঞানের ক্ষেত্র ও বিষয়ে কার্যকর, প্রাসঙ্গিক ও ব্যবহারিক পাঠক্রম প্রণয়ন করতে হবে। ইতিবাচক কর্ম, মেধা, প্রজ্ঞা, পরিশ্রম ও স্বদেশপ্ৰীতি দিয়ে তোমরাই গড়ে তুলবে আধুনিক সমৃদ্ধ বাংলাদেশ।

গতকাল রবিবার বিকেলে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে রাষ্ট্রপতি এসব কথা বলেন। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে বক্তব্য দেন একুশে পদকপ্রাপ্ত সমাজবিজ্ঞানী অধ্যাপক ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. এম অহিদুজ্জামান।

রাষ্ট্রপতি আরো বলেন, ‘আর্থ-সামাজিক উন্নয়নের প্রতিটি খাতে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। উন্নয়ন ও অগ্রগতির এ ধারাকে অব্যাহত রাখতে সঠিক ও যোগ্য নেতৃত্বের বিকল্প নেই। বঙ্গবন্ধুর নেতৃত্বে আমরা স্বাধীনতা পেয়েছি আর তাঁরই সুযোগ্য কন্যা শেখ হাসিনার নেতৃত্বে দেশ উন্নয়নের অতীষ্ট লক্ষ্যে এগিয়ে যাচ্ছে।’

বিশেষ অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, মেধা বিকাশে গুণগত শিক্ষার কোনো বিকল্প নেই। শিক্ষাক্ষেত্রে মানোন্নয়নের বিষয়কে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে সরকার।

সমাবর্তনে ১০ শিক্ষার্থীকে স্বর্ণপদক দেওয়া হয়। এর মধ্যে স্নাতক পর্যায়ে ছয়জনকে আচার্য স্বর্ণপদক এবং স্নাতকোত্তরের চারজনকে উপাচার্য স্বর্ণপদক দেওয়া হয়। সমাবর্তনে দুই হাজার ২৬৩ জন গ্র্যাজুয়েটকে স্নাতক ডিগ্রি, ৪৪৫ জনকে স্নাতকোত্তর ডিগ্রি এবং ২১৮ জনকে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ডিগ্রির সনদ দেওয়া হয়।

এর আগে রাষ্ট্রপতি বর্ণাঢ্য শোভাযাত্রায় অংশ নেন। পরে নবনির্মিত বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল উদ্বোধন করেন।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইন্সট্রুমেন্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com